



নিয়োগ বিজ্ঞপ্তি

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে ১৯৮৬ সাল থেকে কাজ করে আসছে। সংস্থার ক্ষুদ্র অর্থায়ন ও সামাজিক কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নে উল্লিখিত পদসমূহে নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র/নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স ও বেতন
১	কর্মসূচি ব্যবস্থাপক	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা : স্নাতকোত্তর। ঋণ কর্মসূচিতে ন্যূনতম ৮ বছরের অভিজ্ঞতা এবং কমপক্ষে ১৫টি শাখার ঋণ কার্যক্রম পরিচালনায় ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সফটওয়্যারের মাধ্যমে প্রতিবেদন তৈরী ও যাচাই, মনিটরিং, পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং কর্মী ব্যবস্থাপনায় দক্ষতা থাকতে হবে। সরকারি ও বেসরকারি বিভিন্ন দপ্তরে যোগাযোগে অভিজ্ঞ। মোটরসাইকেল চালনায় পারদর্শী এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। কম্পিউটারে বাংলা ও ইংরেজিতে ওয়ার্ড, এক্সেল, ইন্টারনেট ও পাওয়ার পয়েন্টের কাজ জানা আবশ্যিক। বয়স : সর্বোচ্চ ৪৫ বছর। বেতন : শিক্ষানবিশকালে-৩৮,৪০০+৫,০০০(ক্রেডিট ভাতা)+১,০০০(মোবাইল বিল)=৪৪,৪০০/- এবং স্থায়ীকরণের পর-৪২,১২৫+৫,০০০(ক্রেডিট ভাতা)+১,০০০(মোবাইল বিল)=৪৮,১২৫/-।
২	সহকারী কর্মসূচি ব্যবস্থাপক	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা : স্নাতকোত্তর/সমমান। ঋণ কর্মসূচিতে কমপক্ষে ৪টি শাখা পরিচালনায় ১ বছরের অভিজ্ঞতাসহ ৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন স্নাতক/সমমান পাশ প্রার্থীগণ আবেদন করতে পারবেন। সফটওয়্যারের মাধ্যমে প্রতিবেদন তৈরী ও যাচাই, মনিটরিং, পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং কর্মী ব্যবস্থাপনায় দক্ষতা থাকতে হবে। মোটরসাইকেল চালনায় পারদর্শী এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। কম্পিউটারে বাংলা ও ইংরেজিতে ওয়ার্ড, এক্সেল ও ইন্টারনেট জানা আবশ্যিক। বয়স : সর্বোচ্চ ৪০ বছর। বেতন : শিক্ষানবিশকালে-২৮,০০০+৪,৫০০(ক্রেডিট ভাতা)+৮০০(মোবাইল বিল)=৩৩,৩০০/- এবং স্থায়ীকরণের পর-৩০,৬০০+৪,৫০০(ক্রেডিট ভাতা)+৮০০(মোবাইল বিল)=৩৫,৯০০/-।
৩	শাখা ব্যবস্থাপক	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা : স্নাতকোত্তর/সমমান। ঋণ কর্মসূচিতে শাখা ব্যবস্থাপক হিসাবে ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতা। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন স্নাতক/সমমান পাশ প্রার্থীরা আবেদন করতে পারবেন। কর্মী পরিচালনায় দক্ষতা থাকতে হবে। সদস্য ভর্তি ও ঋণী যাচাই, সফটওয়্যারের মাধ্যমে প্রতিবেদন তৈরী ও যাচাই, শাখার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে অভিজ্ঞ হতে হবে। মোটরসাইকেল চালনায় পারদর্শী এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বয়স : সর্বোচ্চ ৩৫ বছর। বেতন : শিক্ষানবিশকালে-২৪,৯০০+৪,০০০(ক্রেডিট ভাতা)+৬০০(মোবাইল বিল)=২৯,৫০০/- এবং স্থায়ীকরণের পর-২৬,৯৫০+৪,০০০(ক্রেডিট ভাতা)+৬০০(মোবাইল বিল)=৩১,৫৫০/-।

অন্যান্য শর্তাবলী :

- সকল পদের জন্য শিক্ষানবিশকাল ৬ মাস। শিক্ষানবিশকালে প্রার্থীগণ স্বল্প ব্যয়ে একক আবাসন সুবিধা (শুধুমাত্র শাখা ব্যবস্থাপকদের জন্য প্রযোজ্য), মোটরসাইকেল, জ্বালানী ও রক্ষনাবেক্ষন ব্যয় এবং স্থায়ীকরণের পর বাৎসরিক ইনক্রিমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, বছরে দুইটি উৎসব ভাতা প্রদত্ত হবে। এছাড়াও লাঞ্চ ভাতা, দূরত্ব ভাতা, উৎসাহ ভাতা, হাওড় ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদত্ত হবে।
- MRA এর সনদপ্রাপ্ত সংস্থায় কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- নির্বাচিত প্রার্থীদের ঢাকা, চট্টগ্রাম, ময়মনসিংহ ও রংপুর বিভাগে অবস্থিত পিপি'র কর্মশালায় নিয়োগ দেয়া হবে।
- শাখা ব্যবস্থাপক পদে নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীদের জামানত বাবদ ১৫,০০০/- টাকা প্রদান করতে হবে যা সুদসহ ফেরতযোগ্য।
- সকল পদের প্রার্থীদেরকে “পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি)” একাউন্ট নম্বর-৪৪১৬৪৩৬০০০৯৪৬ (সোনালী ব্যাংক লিঃ, লালমাটিয়া শাখা) অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে ২০০/- টাকা অনলাইনে জমা করে জমা রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। খামের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, বৈধ ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি, ২ কপি সদ্য তোলা রসিদ ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির (যাদের মধ্যে একজন শিক্ষক ও একজন নিকট আত্মীয়) নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, মোবাইল নম্বরসহ আবেদনপত্র আগামী ২০/০৯/২০২০ ইং তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

বিঃ দ্রঃ- উল্লেখ্য যে, উপরে উল্লিখিত ঠিকানায় সারা বছর আবেদনপত্র গ্রহণ করা হয় এবং পরীক্ষার মাধ্যমে প্রয়োজন অনুযায়ী নিয়োগ দেওয়া হয়।

web: www.popibd.org

“নারী-শিশু নির্যাতন ও বৃক্কিপূর্ণ শিশুশ্রম দমনীয় অপরাধ”